দৈনিক ইত্তেফাক

তারিখ 3 FEB 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

# জবি শিক্ষার্থীদের মানববন্ধন কর্মসূচি ॥ আট দফা দাবি

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেদখল হওয়া ১২টি হল উদ্ধার, পুলিশের হামলার বিচার এবং শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারসহ ৮ দফার দাবিতে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা মানববন্ধন ও সমাবেশ করেছে। গতকাল সোমবার কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষার্থীরা 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় হল পুনরুদ্ধার ও ছাত্র অধিকার রক্ষা আন্দোলনের' ব্যানারে এ মানববন্ধন কর্মসূচি পালন করে। প্রায় ঘন্টাব্যাপী মানববন্ধন কর্মসূচিতে তিনশর বেশি শিক্ষার্থী অংশ নেয়। মানববন্ধন শেষে একই স্থানে সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে শিক্ষার্থীরা অভিযোগ করেন-গত ২৭ জানুয়ারি হল উদ্ধারের দাবিতে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ নির্বিচারে লাঠিচার্জ করে। ছাত্র-ছাত্রীদের যৌক্তিক ও অধিকার সংশ্লিষ্ট আন্দোলনকে স্তিমিত করার জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছে। হল উদ্ধার না হওয়া পর্যন্ত তারা আন্দোলন কর্মসূচি চালিয়ে যাবেন বলে জানান। তবে হল পুনরুদ্ধারের আন্দোলনকে আরো বেগবান করতে শিক্ষার্থীরা ২৫ সদস্যের একটি কমিটি গঠন করেছে।

সমাবেশ থেকে শিক্ষার্থীরা আট দফা দাবি পেশ করেন। দাবিগুলো হল-অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনা, বেদখল হল পুনরুদ্ধানসহ নতুন হল নির্মাণ, শিক্ষার্থীদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা প্রত্যাহার, বিশ্ববিদ্যালয়ের ২৭(৪) ধারা সংশোধন, পর্যাপ্ত পরিবহন সুবিধার ব্যবস্থা করা, বাংলাদেশ ব্যাংক সদরঘাট শাখা থেকে স্থানান্তর, লাইব্রেরিতে পর্যাপ্ত বইয়ের ব্যবস্থা করা এবং শারীরিক ও মানসিক নির্যাতন বিরো নীতিমালা প্রণয়ন।

এছাড়াও শিক্ষার্থীরা ধারাবাহিক আন্দোলনের অংশ হিসাবে আগামী ৫ই ফেব্রু বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে পর কর্মসূচি ঘোষণা করা করবে বলে জানান।